কমিউনিটি উন্নয়নের খবর

117 Vallance Road এ স্পিটালফিলডস হাউজিং এসোসিয়েশনের কমিউনিটি সেন্টার গত ১১ জুলাই ২০১৭ তারিখে চালু করা হয়েছে।

আমরা ভ্যালেন্স কমিউনিটি স্পোর্টস এসোসিয়েশন (ভি.সি.এস.এ) এর সংগে একটি পার্টনারশিপ বানিয়েছি। আমাদের লক্ষ্য হলো সাপ্তাহিক ভাবে এই সেন্টার থেকে যুব সমাজের জন্য ক্রিয়াকর্ম পরিচালনা করা।

এই এলাকায় যুব সমাজের জন্য ক্রিয়াকর্ম পরিচালনা করার ক্ষেত্রে ভি.সি.এস.এ এর রয়েছে বিশ বছরেরও বেশি অভিজ্ঞতা। তাদের সংগে পার্টনারশিপ বানাতে পেরে আমরা আনন্দিত।

এস.এইচ.এ কমিউনিটি সেন্টার আগামী কয়েক মাস বিশেষ বিশেষ অংশগ্রহণমূলক প্রচারণা অনুষ্ঠান এবং টেষ্টার সেশন এর আয়োজন করবে আমাদের পার্টনারদের সাথে মিলে ২০১৮ সালের বিভিন্ন প্রোজেক্টের জন্য।

সিনিয়র কমিউনিটি ডেভেলাপমেন্ট অফিসার ব্রায়ান আকিনটকুন আগামীতে অনুষ্ঠিতব্য প্রোজেক্টগুলো সম্পর্কে বলেন,

"সেন্টারটি চালু হয়েছে। সুতরাং আমরা এখন আমাদের বাসিন্দাদের সহায়তা করা ও তাদের দক্ষতা বাড়ানোর দিকে মনোযোগ দিতে চাই। তাই আমরা মূল প্রয়োজন ও সমস্যাগুলো কি কি তা জানতে চাই। আমাদের কিছু টেষ্টার/অংশগ্রহণমূলক সেশন অধিকতর অসহায় লোকদের সাহায্য করবে। বাকী সেশনগুলোতে আই.টি শিক্ষা, স্বাস্থ্য ও সুখস্বাচ্ছন্দ্য, ট্রেইনিং ও কর্মসংস্থানের দিকে মনোযোগ দেওয়া হবে।"

আমরা মহিলাদের সাথে সম্পর্কযুক্ত আমাদের সব প্রোজেক্ট কেন্দ্রিয়করণ করার প্রক্রিয়ায় রয়েছি যা এই সেন্টার থেকে প্রদান করা হবে। প্রতি সপ্তাহের 'বুধবার' মহিলাদের জন্য একটি বিশেষ দিন থাকবে।

এসব ক্রিয়াকর্ম সম্পর্কে বিস্তারিত জানতে বা হল হায়ার করার সুবিধা সম্পর্কে জানতে দয়া করে কমিউনিটি ডেভেলাপমেন্ট টিমকে 02073771306 বা 0207 3925407 নাম্বারে ফোন করুন বা ইমেইল করুন: murselin@spitalfieldsha.co.uk.

সেন্টারে বর্তমানের ক্রিয়াকর্মের মধ্যে রয়েছে:

	যুব সমাজের জন্য ক্রিয়াকর্ম	এস.ই.এন সোস্যাল ক্লাব	মহিলাদের জুম্বা ক্লাস	বৃদ্ধ বাসিন্দাদের জন্য ক্রয়াকর্ম	হল হায়ার সুবিধা
বার					
সোমবার	বিকাল 6:00টা – রাত 9টা	বিকাল 3টা-বিকাল 5:30টা			
মঙ্গলবার				সকাল 11:00টা-বিকাল 3:00টা	
বুধবার	বিকাল 6:00টা – রাত 9টা		সকাল 10:00টা-সকাল 11:30টা		
বৃহস্পতিবার					
শুক্রবার	বিকাল 6:00টা -বিকাল 9টা				
শনিবার					হল হায়ার করা যাবে
রবিবার					হল হায়ার করা যাবে

সংখ্যা ২৯ | ডিসেম্বর ২০১৭

স্পিটালফিল্ডস এবং এর আশেপাশের এলাকার সর্বশেষ সংবাদ

SPITALFIELDS HOUSING ASSOCIATION LTD
স্পিটালফিল্ডস হাউজিং এসোসিয়েশন লিঃ

ইনসাইড এস.এইচ.এ

www.spitalfieldsha.co.uk

ক্রিসমাসের বন্ধ

মেরি ক্রিসমাস এবং হ্যাপি নিউ ইয়ার!

ক্রিসমাস ও নিউ ইয়ার উপলক্ষে এই অফিস ২২ ডিসেম্বর ২০১৭, শুক্রবার, বিকাল ৫.৩০টা থেকে ২ জানুয়ারী ২০১৮, মঙ্গলবার, সকাল ৯:৩০টা পর্যন্ত বন্ধ থাকবে।

জরুরী অবস্থায় যোগাযোগের টেলিফোন নম্বর

জরুরী অবস্থায় দয়া করে ফোন করবেন:

গ্যাস সেন্ট্রেল হিটিং এবং হট ওয়াটার সমস্যা হলে:
রবার্ট হিথ হিটিং - 0208 336 6767
সব ধরনের গ্যাস বয়লার ও সেন্ট্রেল হিটিং সমস্যার ক্ষেত্রে।

অন্যান্য জরুরী অবস্থায় ফোন করবেন:
020732925400 (ওপশন 1 রিপেয়ার), আপনাকে তখন সরাসরি পিনাকোল কানেক্টের সংগে টেলিফোন সংযোগ দেওয়া হবে।

পানি, ইলেকট্রিসিটি বা গ্যাস সমস্যা হলে দয়া করে ফোন করবেন:

থেইম্স ওয়াটারকে পানি সাপ্লাই না থাকলে ফোন করবেন: 0800 316 9800
পয়োনিষ্কাশন প্রণালী (সুয়ার) প্লাবিত/বন্ধ হয়ে গেলে ফোন করবেন: 0800 316 9800

ইউ.কে পাওয়ার নেটওয়ার্ক
ইলেকট্রিসিটি চলে গেলে
0800 316 3105

ন্যাশন্যাল গ্যাস ইমার্জেন্সি সার্ভিস
মেইন গ্যাস পাইপ লাইন লিক করলে:
0800 111 999

অন্যান্য জরুরী মেরামত কাজগুলো কি কি?

- পানির সাপ্লাই সম্পূর্ণরূপে বন্ধ হয়ে যাওয়া (প্রতিবেশীর সাথে আগে কথা বলে সত্যতা যাচাই করে নিন)
- আগুনে ক্ষয়ক্ষতি (ফায়ার ডেমেইজ)
- ইলেকট্রিসিটি সম্পূর্ণরূপে বন্ধ হয়ে যাওয়া (প্রতিবেশীর সাথে আগে কথা বলে সত্যতা যাচাই করে নিন)
- বাইরের দরজা ও জানালার নিরাপত্তা ব্যবস্থা বিঘ্নিত হওয়া।
- ইলেকট্রিসিটি বা লাইট সকেট বা ইলেকট্রিক্যাল সরঞ্জাম অনিরাপদ হয়ে পড়া।
- ময়লার ড্রেইন কিংবা সয়েল স্টাক বন্ধ হয়ে যাওয়া বা তা লিক হওয়া অথবা (বাসস্থানে আর কোনো টয়লেট না থাকলে) টয়লেট প্যান (মেইন ম্যানহোল/শেয়ার্ড গালি থেকে হলে দয়া করে থেইম্স ওয়াটারকে ফোন করবেন)।
- পাইপ ফেটে যাওয়া, পানি উপচে পড়া (পানির মারাত্মক লিক যা আটকানো বা বন্ধ করা যায় না)
- বৃষ্টির পানি ভিতরে প্রবেশ করা
- পানিতে ভেসে যাওয়া বা বন্যা
- অশালীন বা বর্ণবাদী দেয়াল লিখন
- কার পার্কের গেইট খুলে না।
- লিফ্ট নষ্ট হয়ে যাওয়া।
- ইলেকট্রিক হিটিং ও হট ওয়াটার
- সর্বসাধারণের প্রবেশের দরজা বা মূল প্রবেশ দরজা খুলতে পারা যায় না।
- তুফানে ক্ষয়ক্ষতি।

অন্যান্য যে কোনো কাজ নিউ ইয়ারে অফিস খোলার পর করার ব্যবস্থা করা হবে।

শুধুমাত্র অত্যাবশ্যক কাজগুলো করা হবে যে কোনো বিপদের ঝুঁকি দূর করার জন্য। এর পরবর্তী কাজগুলো নিউ ইয়ারে অফিস খোলার পর সম্পন্ন করার জন্য রেখে দেওয়া হবে। জেনে রাখুন যে, জরুরী নয় এমন কাজগুলো এসোসিয়েশনের ওয়েবসাইটের মাধ্যমে জানানো যাবে।

অনলাইনে মেরামত কাজের দরকারের কথা জানানো পৃষ্ঠা ২
কমিউনিটি ভিত্তিক ক্রিয়াকর্ম পৃষ্ঠা ৮

বাকী হয়ে যাওয়ার আগেই আপনার রেন্ট পরিশোধ করুন

আপনার বাসস্থানটি মূল্যবান। সময় মতো রেন্ট পরিশোধ করে তাতে আপনার থাকা সুরক্ষিত করুন।

আপনার ক্রিসমাসের খরচের তালিকায় রেন্ট পরিশোধ সবকিছুর উপরে রাখুন।

আমরা জানি যে, হলিডে মৌসুমে অনেক টাকা খরচ হয়। তবে দেরীতে রেন্ট বা বকেয়া রেন্ট সময় মতো পরিশোধ না করে পরে পরিশোধ করার চিন্তা কখনোই মাথায় আনবেন না। প্রতি বছর কিছু লোক ক্রিসমাসের সময় অনেক টাকা খরচ করেন কিন্তু নতুন বছর আসার পর দেনা পরিশোধ করতে গিয়ে বেকায়দায় পড়েন।

যদি সত্যিকার কারণে আপনার রেন্ট পরিশোধ করতে না পারেন, তবে যত তাড়াতাড়ি সম্ভব আমাদের সংগে যোগাযোগ করবেন। আপনার বেনিফিট বাড়ানোর ব্যাপারে আমরা আপনাকে সাহায্য করতে পারবো এবং অন্যান্য এজেন্সির কাছে আপনাকে পাঠাতে পারবো যারা আপনাকে সাহায্য করতে ও টাকা পয়সার ব্যাপারে পরামর্শ দিতে পারবে।

কিন্তু আপনি যদি কিছুই না করে রেন্ট পরিশোধ না করার সিদ্ধান্ত নেন, তাহলে আমরা আপনার বিরুদ্ধে ব্যবস্থা নেবো। ফলে আপনার বাসস্থানটি হারাতে পারেন।

দয়া করে এই বিষয়টিকে অবহেলা করবেন না।

মেরামত এবং রক্ষণাবেক্ষণ

চুক্তি প্রক্রিয়ায় বাসিন্দাদের প্রতিনিধি

মেরামত কাজ করা এবং গ্যাস চালিত যন্ত্রসামগ্রী রক্ষণাবেক্ষণের জন্য বর্তমান যে কোম্পানীর সংগে চুক্তি রয়েছে সেটি শীঘ্রই শেষ হতে যাচ্ছে।

আমরা আমাদের বাসিন্দাদের কথা শুনে তাদের মতামতকে গুরুত্ব দিয়েছি। তাদের সুপারিশ অনুযায়ী আমরা নতুন একটি চুক্তি করবো।

আমাদের সেবাদান পদ্ধতিতে বাসিন্দাদের জড়িত করার গুরুত্ব আমরা বুঝি। তাই নুতন ঠিকাদার বা কন্ট্রাক্টরদের সংগে চুক্তি করার সময় বাসিন্দাদের পক্ষ থেকে একজন প্রতিনিধি রাখার সুযোগ আমরা রেখেছি। কন্ট্রাক্টরদের সংগে চুক্তি প্রক্রিয়ার কিছু ক্ষেত্রে আমরা বাসিন্দাদের শরীক রাখতে চাই। এতে থাকবে প্রি কোয়ালিফিক্যাশন কোয়েশ্চনেয়ার এর অংশ হিসাবে পরামর্শদাতা বা কনসালট্যান্টদের ও কন্ট্রাক্টরদের সংগে মিটিং-এ বাসিন্দাদের যোগদান এবং মূল ইন্টারভিউয়ে শরীক থাকা।

এই দায়িত্ব পালনের জন্য প্রায় ৫ দিন সময় ব্যয় করতে হবে। এক দুই ঘন্টা, আধা দিন বা সম্পূর্ণ দিন সকাল কিংবা বিকাল বেলা সময় দিতে হবে।

যদি আপনি এই দায়িত্বটি নিতে চান, তবে দয়া করে ৩১শে জানুয়ারী ২০১৮ এর আগে আমাদের সংগে যোগাযোগ করবেন।

দয়া করে আপনার বাসস্থানের ঠিকানা সহ আমাদেরকে ইমেইল করুন: a a a a a a

ইলেকট্রিক্যাল সরঞ্জামের নিরাপত্তা পরীক্ষা

বাসস্থানগুলোর ও কমিউন্যাল এরিয়াগুলোর সব ইলেকট্রিক্যাল ফিকচার্স (সরঞ্জাম) পাঁচ বছর পরপর পরীক্ষা করে দেখতে হয় তা নিরাপদ কি না। পরীক্ষাগুলো করা হয় ইলেকট্রিক্স নিরাপদ কি না, এবং কোনো ধরনের উন্নতকরণ বা নবায়ন কাজের দরকার কি না, তা জানার জন্য।

এ বছর আমরা ‘লাইটসাইড লিমিটেড’ নামের একটি কোম্পানীকে পরীক্ষাগুলো করার দায়িত্ব দিয়েছি। যেসব বাসিন্দার বাসস্থানে ইলেকট্রিক পরীক্ষার সময় হয়েছে তাদেরকে চিঠি দিয়ে জানানো হবে। লাইটসাইড কোম্পানীও তাদের সংগে যোগাযোগ করবে।

যদি তারা আপনার সংগে যোগাযোগ করে, তবে দয়া করে তাদেরকে প্রবেশ করতে দেবেন, যাতে তারা ইলেকট্রিক্যাল টেস্ট বা পরীক্ষাগুলো করে নিতে পারে। নিরাপত্তার স্বার্থে এই পরীক্ষাগুলো আইনত করতে হয়। আপনার ও আপনার পরিবারের লোকদের দ্বারা আপনার বাসস্থানে ইলেকট্রিসিটির ব্যবহার নিরাপদ করার জন্যই তা করা হবে। একেকটি পরীক্ষায় সর্বাধিক ৩ ঘন্টা সময় লাগতে পারে। তাছাড়া সেইফটি টেস্ট (নিরাপত্তা পরীক্ষা) পাশ করানোর জন্য কিছু মেরামত কাজের দরকার হতে পারে। যে কোনো ধরনের মেরামত কাজ পরীক্ষার দিনই করা হতে পারে অথবা পরে কোনো একদিন করা হতে পারে। তবে তা নির্ভর করবে লাইটসাইট কিভাবে তাদের ইলকট্রিশিয়ান টিমকে ব্যবহার করে তার উপর।

আপনার সংগে যদি যোগাযোগ করা হয় কিন্তু আপনি যদি তার কারণ না জানেন, এবং আপনার বাসস্থানকে জরিপের বা ইলেকট্রিক্যাল পরীক্ষার জন্য বাছাই করা হয়েছে কি না তা জানতে চান, তবে দয়া করে এসোসিয়েশনের সংগে যোগাযোগ করে এসেট ম্যানেজম্যান্ট টিমের সংগে কথা বলবেন।

অনলাইনে মেরামতের দরকারের কথা জানান, £15 শপিং ভাউচার জিতে নিন

আমাদের ওয়েবসাইটের মাধ্যমে বাসস্থানের মেরামতের কাজের প্রয়োজনীয়তার কথা জানানোর পদ্ধতিকে আমরা সক্রিয়ভাবে উৎসাহ দিচ্ছি।

এই পদ্ধতিতে অনেকটা সহজে জানানো যায় এবং M3 ইন্টারেক্টিভ সেন্ট্রেল রিপোর্টিং ব্যবস্থা ব্যবহার করে নিজে নিজে মেরামতের ধরণ সম্পর্কে জানা যায়।

আর, অতি দ্রুত সাড়া পাওয়ার আশা করা যায়। আগামীতে আপনার বাসস্থানে মেরামতের প্রয়োজনের কথা যখন জানাতে যাবেন তখন এই ব্যবস্থাটি ব্যবহার করে দেখবেন।

আমাদের ওয়েবসাইটে গিয়ে আমাদের হোম সেকশন (home section) -এ যান এবং রিপোর্ট এ রিপেয়ার (report a repair) সিলেক্ট করুন। স্পিটালফিলডস হাউজিং এসোসিয়েশনের ওয়েবসাইট এড্রেস হলো: http://www.spitalfieldsha.co.uk/your-home/report-a-repair

যারা অনলাইনে মেরামতের দরকারের কথা জানাবেন তাদের মধ্য থেকে একজনকে আমরা পুরুষ্কার স্বরূপ £15 এর শপিং ভাউচার দেবো। প্রতি মাসে অনলাইনে মেরামতের দরকারের কথা যারা অনলাইনে জানাবেন তাদের নাম কাগজে লিখে আমরা একটি টুপির ভিতর রাখবো। তারপর এলোপাথাড়ি ভাবে লটারির মতো আমরা একজনের নাম তুলবো যাকে শপিং ভাউচার দেওয়া হবে। সুতরাং মেরামতের দরকারের কথা জানানোর আমাদের ওয়েবসাইটে ক্লিক করুন এবং শপিং ভাউচার জিতে নেওয়ার সুযোগটি গ্রহণ করুন।

insidesha.

মাই টেন্যান্সি-র মাধ্যমে মেরামতের দরকারের কথা জানান

আগামীতে আমরা ‘মাই টেন্যান্সি’ পদ্ধতি চালু করার চেষ্টা করছি। ‘মাই টেন্যান্সি’ পদ্ধতিতে অন্যান্য আরো সেবা ব্যবস্থার সংগেও যোগাযোগ করতে পারবেন। আমরা বাসিন্দাদের জানাতে চাই যে, মাই টেন্যান্সির মাধ্যমে যে কোনো মেরামতের দরকারের কথা জানাতে পারবেন। দয়া করে রিপেয়ার্স অপশনে ক্লিক করুন। আপনাকে তা সরাসরি M3 রিপেয়ার রিপোর্টিং সফটওয়ারে নিয়ে যাবে।

বেনিফিট ব্যবস্থায় পরিবর্তন

সম্প্রতি অটাম বাজেটে সরকার বেনিফট ব্যবস্থায় কিছু পরিবর্তনের কথা ঘোষণা করেছেন। ইউনিভার্সেল ক্রেডিট

- ২০১৮ সালের ফেব্রুয়ারী থেকে ইউনিভার্সেল ক্রেডিট দাবীর শুরুতে সাত দিন অপেক্ষা থাকা বাতিল করা হবে। এতে নতুন যারা ইউনিভার্সেল ক্রেডিটের জন্য দরখাস্ত করবেন তারা আগের চেয়ে কম সময়ের ভিতরেই তাদের ইউনিভার্সেল ক্রেডিটের প্রথম অর্থ পেয়ে যাবেন।
- জানুয়ারী ২০১৮ থেকে দরখাস্তকারীরা যে অর্থ পাওয়ার কথা তার ১০০% অগ্রিম অর্থ দেওয়ার অনুরোধ করতে পারবেন।
- জানুয়ারী ২০১৮ থেকে নতুন দরখাস্তকারীরা দরখাস্তের ৫ দিনের ভিতরে অগ্রিম অর্থের জন্য দরখাস্ত করতে পারবেন।
- জানুয়ারী ২০১৮ থেকে অগ্রিম অর্থ ফেরত দেওয়ার সময়কাল ৬ মাস থেকে বাড়িয়ে ১২ মাস করা হবে।
- ২০১৮ সালের স্প্রিং মৌসুম থেকে দরখাস্তকারীরা অনলাইনে অগ্রিম অর্থের জন্য অনুরোধ করতে পারবেন।
- ২০১৮ সালের এপ্রিল থেকে নতুন ইউনিভার্সেল ক্রেডিট দাবীদারগণ, যারা হাউজিং বেনিফিট পাচ্ছেন, তারা বাড়তি দুই সপ্তাহ হাইজিং বেনিফিট পেতে থাকবেন। এই বাড়তি অর্থ ফেরত দিতে হবে না।
- তিন বা এর বেশি সন্তান রয়েছে এমন পরিবার জানুয়ারী ২০১৯ এর আগে ইউনিভার্সেল ক্রেডিটের জন্য নতুন দরখাস্ত করতে পারবেন না।

ঘরবাড়ির অবস্থা জরিপ

এসোসিয়েশনের এসেট ম্যানেজমেন্ট (সম্পত্তি ব্যবস্থাপনা) কৌশলের অন্যতম গুরুত্বপূর্ণ একটি অংশ হলো স্টক কন্ডিশন সার্ভে (ঘরবাড়ির অবস্থা জরিপ)। এর মাধ্যমে আমরা জানতে পারি আগামীতে বড় ধরনের কোনে কাজ (মেজর ওয়ার্কস) এবং সংস্কার কাজের দরকার কি না।

এই জরিপের অংশ হিসাবে কোনো একটি বাসস্থানের প্রতিটি বিষয় পরীক্ষা করে এর অবস্থা জেনে নেওয়া হয়। তাছাড়া স্বাস্থ্য ও নিরাপত্তা ব্যবস্থাও পরীক্ষা করে দেখা হয় ঘরবাড়িগুলো বিপদের ঝুঁকিমুক্ত কি না। এস.এইচ.এ ২০% ঘরবাড়ি এ বছর জরিপ করার লক্ষ্য নির্ধারণ করেছে। এ বছর আমরা ‘ড্যানিয়েল কন্নাল পার্টনার্স’ নামের একটি কোম্পানীকে জরিপ সম্পন্ন করার দায়িত্ব দিয়েছি। আপনাদের কারো কারোর সাথে স্পিটালফিলডস এস.এই.এ এবং ড্যানিয়েল কন্নালের পক্ষ থেকে যোগাযোগ করা হতে পারে আপনার বাসস্থান পরিদর্শন করার জন্য। এই বছর শুধুমাত্র কিছু বাছাইকৃত ঘরবাড়িতে জরিপ সম্পন্ন করা হবে। পরিদর্শনের জন্য সর্বাধিক ২ ঘন্টা সময় লাগতে পারে।

যদি আপনার সংগে যোগাযোগ করা হয় তবে দয়া করে যত তাড়াতাড়ি সম্ভব তাদেরকে প্রবেশ করতে দেবেন। আপনার এই সহযোগিতা আমাদের খুবই সাহায্যে আসবে।

‘গেটিং অন উইথ মানি’ প্রোজেক্ট

এ বছরের শুরুতে ব্রমলি বাই বো সেন্টার ‘গেটিং অন উইথ ইয়র মানি’ নামের প্রোজেক্ট পুনরায় শুরু করেছে। বিগ লটারি থেকে অর্থ সাহায্য পাওয়ায় তা পুনরায় চালু করা সম্ভব হয়েছে।

এই প্রোজেক্টের আওতায় বাসিন্দাদেরকে জনে জনে আলাদাভাবে টাকা পয়সা সংক্রান্ত বিষয়ে পরামর্শ দেওয়া হবে। এই পরামর্শ সেসব বাসিন্দাদের উপকারে আসবে যারা নিম্নলিখিত বিষয়গুলোর কারণে সমস্যায় আছেন:

- ঋণগ্রস্ত ও রেন্ট বকেয়া হয়েছে
- বেনিফিটে পরিবর্তন যেমন ইউনিভার্সেল ক্রেডিটে স্থানান্তর জনিত সমস্যা
- চাকরি চলে গেছে, জিরো আওয়ার কন্ট্রাক্ট এর আওতায় কাজ করছেন বা ব্যবসায়ী হিসাবে আয় কমে গেছে বা তা উঠানামা করে
- বিবাহ বিচ্ছেদ বা সম্পর্ক ভেঙ্গে যাওয়ার পর আর্থিক সমস্যায় পড়েছেন
- সাধারণভাবে দৈনন্দিন খরচ কুলাতে পারছেন না
- আমাদের অফিসে প্রতি মাসে সেশন বসে, দয়া করে আমাদের টেন্যান্সি সাপোর্ট অফিসার পলিন রোশে এর সাথে যোগাযোগ করুন যদি আপনি এই প্রোজেক্টের সেবা নিতে চান।

আপনার রেন্ট কেন অগ্রিম পরিশোধ করবেন

প্রতিটি এসুর্ড, এসুর্ড শর্টহোল্ড এবং পিরিয়ডিক টেন্যান্সি এগ্রিমেন্টে বলা আছে যে, রেন্ট অগ্রিম পরিশোধ করতে হবে।

অগ্রিম পরিশোধ মানে কি?

এর মানে হলো আপনি যদি সাপ্তাহিক ভাবে রেন্ট পরিশোধ করেন, তবে পরের সপ্তাহের রেন্ট পরিশোধের সময় হওয়ার আগেই আপনার রেন্ট একাউন্টের ব্যালেন্স শূণ্য বা জমা দেখাতে হবে। এতে বোঝা যাবে আপনার রেন্ট বকেয়া হয়নি।

যদি আপনি দুই সপ্তাহ পরপর, ৪ সপ্তাহ পরপর বা মাসিক ভাবে রেন্ট পরিশোধ করেন তবে পরের দুই সাপ্তাহিক, ৪ সাপ্তাহিক বা মাসিক রেন্ট পরিশোধের সময় আসার আগে আপনার রেন্ট একাউন্ট শূণ্য দেখাতে হবে। এতে নিশ্চিত হবে যে আপনার রেন্ট বকেয়া হয়নি।

. আপনি যদি হাউজিং বেনিফিট বা ইউনিভার্সেল ক্রেডিট পান তবে স্পিটালফিলডস হাউজিং এসোসিয়েশনের জানা আছে যে, হাউজিং বেনিফিট ৪ সাপ্তাহিক ভাবে এবং ইউনিভার্সেল ক্রেডিট মাসে মাসে বকেয়া হিসাবে পরিশোধ করা হয়।

আপনি যদি হাউজিং বেনিফিট বা ইউনিভার্সেল ক্রেডিট পান, তাহলে গুরুত্ব সহকারে জেনে রাখুন যে, এর মানে এই নয় আপনি অগ্রিম রেন্ট পরিশোধ করবেন না।

হাউজিং বেনিফিট বা ইউনিভার্সেল ক্রেডিট আপনার পক্ষে পরিশোধ করা হয়। তারপরেও আপনার রেন্ট একাউন্ট যাতে বকেয়া না হয় তা নিশ্চত করার দায়িত্ব আপনার। আপনার একাউন্টে টাকা জমা দেখানোর জন্য আপনি এককালিন আপনার সাপ্তাহিক, দুই সাপ্তাহিক বা মাসিক রেন্টের সমপরিমাণ টাকা পরিশোধ করে নিতে পারেন অথবা নিয়মিত বাড়তি টাকা পরিশোধ করে আপনার একাউন্ট বকেয়াহীন করে নিতে পারেন।

রেন্ট পরিশোধের বিষয়টি আরো স্পষ্ট করে বোঝার জন্য যদি আপনার টেন্যান্সি এগ্রিমেন্টের কপি চান, তবে দয়া করে এই অফিসে যোগাযোগ করবেন। আমরা তা পাঠানোর ব্যবস্থা করবো।

আপনার ভাড়ার মেয়াদ শেষে আপনার একাউন্টে কোনো পয়সা উদ্বৃত্ত থাকলে তা আপনাকে চেকে পরিশোধ করা হবে।

অসমাজিক কার্যকলাপ এবং বিল্ডিং এর নিরাপত্তা

একটি চিন্তনীয় ব্যাপার এই যে, বিল্ডিং-এ রাফ স্লিপাররা প্রবেশ করে কমিউন্যাল এলাকা ক্যাম্প হিসাবে ব্যবহার করে ড্রাগ নেয় ও মদ পান করে।

আমরা বাসিন্দাদেরকে সতর্ক থাকার অনুরোধ করছি। দয়া করে অননুমোদিত কোনো লোককে আপনাকে অনুসরণ করে বিল্ডিং-এ প্রবেশ করতে দেবেন না অথবা আপনার ইন্টারকম সিস্টেমে কল করলে ভিতরে প্রবেশ করতে দেবেন না।

দয়া করে জরুরী নয় এমন যে কোনো ঘটনা সপ্তাহের ৭ দিন দৈনিক ২৪ ঘন্টা যে কোনো সময় পুলিশকে 101 নাম্বারে ফোন করে জানাবেন।
বা টাওয়ার হ্যামলেটস এনফোর্সমেন্ট টিমকে বৃহস্পতিবার থেকে রবিবার সকাল ৮টা থেকে বিকাল ৪টার ভিতরে জানাবেন।

অনুপযুক্ত স্থানে আসবাবপত্রের আবর্জনা ফেলা একটি মারাত্মক অপরাধ এবং তা টেন্যান্সি ও লিজ চুক্তির লংঘন।
বাসিন্দাদেরকে অনুরোধ করছি, এই ধরনের অপরাধীদের সম্পর্কে স্পিটালফিলডস হাউজিং এর কাছে অভিযোগ করবেন। ফোন: 0207 392 5400.

ফেলে দেওয়া আসবাবপত্রের আবর্জনা সরাতে স্পিটালফিলডস হাউজিং এর অনেক পয়সা খরচ হয়। এই খরচ সার্ভিস চার্জের মাধ্যমে সব বাসিন্দাদের কাছ থেকে শেষ পর্যন্ত আদায় করা হয়।

তাই সব বাসিন্দাদের প্রতি অনুরোধ রইল আপনাদের আসবাবপত্রের আবর্জনা টাওয়ার হ্যামলেটস কাউন্সিলকে 0207 364 5004 বা 0207 364 5000 নাম্বারে ফোন করে তা সরিয়ে নেওয়ার ব্যবস্থা করবেন।

insidesha.

রাইজ টু এমপ্লয়মেন্ট

স্পিটালফিলডস হাউজিং এসোসিয়েশন বাসিন্দাদের জন্য বিভিন্ন ধরনের ট্রেইনিং এর ব্যবস্থা করে থাকে। সম্প্রতি আমরা 'ওলম্যাট এন্ড আরহাগ'এর সাথে মিলে বাসিন্দাদের জন্য 'রাইজ ইনটু এমপ্লয়মেন্ট' নামের একটি কর্মসূচী শুরু করেছি।

২০১৭ সালের মে মাসে 'রাইজ' কর্মসূচীটি তাদের উন্নতমানের ট্রেইনিং এর জন্য পুরুষ্কার অর্জন করেছে। 'রাইজ' এর সাফল্য ও পিছিয়ে পড়া কমিউনিটগুলোর সংগে কাজ করার স্বীকৃতি স্বরূপ তাদেরকে পুরুষ্কার দেওয়া হয়েছে।

আমরা জানি একটি চাকুরি খুঁজে পাওয়া বিরাট একটি কাজ! বিশেষ করে আপনি যদি অনেক দিন যাবৎ বেকার থাকেন। 'রাইজ ইনটু এমপ্লয়মেন্ট ১০ সপ্তাহের একটি কৌর্স। এটি এন.সি.এ.এফ স্বীকৃত কর্মসংস্থান অর্জনের একটি কৌর্স। এর অংশ হিসাবে ৬ সপ্তাহ ক্লাসরুমে সিভি তৈরি, চাকুরীর দরখাস্ত করা এবং ইন্টারিভউয়ে পাশ করা সম্পর্কে শিক্ষা দেওয়া হয়। বাকী ৪ সপ্তাহ কোনে একটি কর্মস্থলে কাজ করতে হয়। ১০ সপ্তাহের কৌর্স শেষে বাসিন্দাদের এন.সি.এফ.ই স্বীকৃত এমপ্লয়িবিলিটির (কাজের যোগ্যতার) সার্টিফিকেট প্রদান করা হয়।

আপনার ব্যক্তিগত অবস্থা যাই হোক না কেন, 'রাইজ' আপনাকে সাহায্য করতে পারবে

- যদি কিছু দিন কাজে না থাকার পর (হয়তোবা সন্তান লালনপালনের বা স্বাস্থ্যগত কারণে) আবার কাজ করতে চান
- আপনি যদি সর্বপ্রথম একটি কাজ ধরতে চান বা এপ্রেন্টিসশিপ করতে চান
- আপনি যদি সবেমাত্র গ্র্যাজুয়েশন করে থাকেন কিন্তু কি করবেন কোথায় যাবেন তা ভেবে না পান।
- এমন কি আপনি যদি ইতিমধ্যেই কাজে থাকেন এবং তা ধরে রাখতে চান এবং অন্য ধরনের কোনো কিছু করতে চান

আমাদের একজন বাসিন্দা সম্প্রতি 'রাইজ' এর চাকুরী সহায়ক কোর্স শেষ করেছেন। তিনি বলেছেন এই কোর্স থেকে অনেক কিছু জানা যায়, এটি অত্যন্ত বন্ধুসুলভ এবং তা অংশগ্রহণকারীদের মধ্যে আত্মবিশ্বাস গড়ে তুলে।

তিনি বলেছেন, তার মধ্যে এমন কিছু দক্ষতা রয়েছে যা তিনি কোর্সে যোগ দেওয়ার আগে বুঝতে পারেননি। কোর্সটি তার চোখ খুলে দিয়েছে এবং দক্ষতার ক্ষেত্র সম্প্রসারিত করেছে।

তিনি বলেছেন, শিক্ষার পরিবেশ মনোরম ও ব্যক্তিকেন্দ্রিক। 'একজন শুধুমাত্র একজনকে শিক্ষা দান' করার পদ্ধতি একটি বন্ধুসুলভ পারিবারিক পরিবেশ তৈরি করে যেখানে একজন আরেকজনকে সব সময় সাহায্য করেন।

'আপনি যদি ৩ মাসের বেশি বেকার থাকেন, এবং একটি কাজের সন্ধানে থাকেন তবে এই কোর্সটি আপনার জন্যই কারণ এখানে জনে জনে আলাদা ভাবে শিক্ষা দেওয়া হয় এবং আপনি যা করতে চান সে দিকে লক্ষ্য রেখে সাহায্য করা হয়।'

আমরা অত্যন্ত আনন্দের সংগে জানাচ্ছি যে, আমাদের একজন অংশগ্রহণকারী কৌর্স শেষ করে একটি হাউজিং এসোসিয়েশনে ফুল টাইম চাকরী পেয়েছেন। স্পিটালফলডস এর আমাদের সবার পক্ষ থেকে তাকে অভিনন্দন।

'রাইজ ইনটু এমপ্লয়মেন্ট' প্রোগ্রামে অংশ নেওয়ার জন্য কোনো ফিজ লাগে না। ১৬ বছরের বেশি বয়সের আমাদের যে কোনো বাসিন্দা এতে যোগ দিতে পারবেন। আপনার কাজের অভিজ্ঞতা বাড়বে। আপনি নতুন নতুন দক্ষতা অর্জন করবেন। এতে কাজ পাওয়ার সম্ভাবনা আপনার অনেকটা বেড়ে যাবে।

'রাইজ' এর অধিকাংশ সাটিফিকেটধারী জীবনে সফল হয়েছেন, চাকুরী পেয়েছেন অথবা উচ্চতর শিক্ষা কোর্সে ভর্তি হওয়ার যোগ্যতা অর্জন করেছেন। বিস্তারিত জানার জন্য টেন্যান্সি সাপোর্ট অফিসার - পলিন রোশেকে ফোন করুন 020 7392 5000 বা ইমেইল করুন: RISE@arhag.co.uk

আহসানুল হককে অভিনন্দন

আহসানুল হক সুদীর্ঘ কাল ধরে এই এসোসিয়শনে কাজ করছেন। স্পিটালফিলডস হাউজিং এসোসিয়েশনের পক্ষ থেকে তাকে অনেক ধন্যবাদ। এসোসিয়েশনের জন্য তার ত্যাগ, বিশ্বস্ততা এবং কঠোর পরিশ্রম নজর এড়িয়ে যায়নি। স্পিটালফিলডস হাউজিং এসোসিয়েশনের বোর্ড মেম্বার এবং সব কর্মীদের পক্ষ থেকে আপনার কাজের ২৫ বছর পুর্তি উপলক্ষে আপনাকে অনেক ধন্যবাদ আহসানুল হক।

এ.জি.এম ২০১৭ এর খবর

গত ৩০ সেপ্টেম্বর ২০১৭ তারিখে স্পিটালফিলডস হাউজিং এসোসিয়েশনের ৩৮তম এ.জি.এম (বার্ষিক সাধারণ সভা) অনুষ্ঠিত হয়েছে।

বোর্ড এর নতুন মেম্বারগণ এ.জি.এম-এ সাহায্য করার জন্য ও প্রতিষ্ঠানটির প্রতি সাহায্য অব্যাহত রাখার জন্য সকলকে ধন্যবাদ জানাচ্ছেন।

YOUTH CLUB

VALLANCE COMMUNITY SPORTS ASSOCIATION

MONDAYS & WEDNESDAYS
6PM - 8PM
(BOYS ONLY)

FRIDAYS
6PM - 8PM
(GIRLS ONLY)

- POOL
- TABLE TENNIS
- PLAYSTATION 4
- XBOX
- SKY SPORTS
- COOKING
- ARTS & CRAFTS
- DANCE
- KEEP FIT
- NON-CONTACT BOXING
- FOOTBALL
- MULTI SPORTS
- ACCREDITED COURSES
- HOMEWORK CLUB
- IT CLASSES
- WORKSHOPS
- TRIPS & MUCH MORE

Vallance Community Sports Association

SHA Comunnity Centre, 117 Vallance Road, London E1 5BW
T 07956 83511 E info@vallancecsa.org.uk

www.vallancecsa.org.uk

Follow us vallancefc

LOTTERY FUNDED

বিনামূল্যে

রেসিডেন্ট ট্রেইনিং প্রোগ্রাম (বাসিন্দাদের জন্য ট্রেইনিং কর্মসূচী) ২০১৭-২০১৮

আরো বেশি কিছু করতে সমর্থ হওয়ার জন্য শিখে নিন

নতুন দক্ষতা শিখতে চান? আত্মবিশ্বাসী হয়ে উঠতে চান? আপনার বাসস্থানে বাস করার সাথে জড়িত বিভিন্ন বিষয়ে আরো জানতে চান? তাহলে আমাদের যে কোনো একটি ট্রেইনিং কোর্স আপনারই জন্য।

আমাদের রেসিডেন্ট ট্রেইনিং প্রোগ্রামে বিভিন্ন ধরনের চাহিদার উপযুক্ত নানান বিষয়ে শিক্ষা দেওয়া হয় - যেমন আপনার কমিউনিটি উন্নত করা থেকে শুরু করে আপনার নিজ বাসস্থানে থাকার সংগে জড়িত বিভিন্ন বিষয় এবং খাদ্য উৎপাদন থেকে শুরু করে স্বাস্থ্য ও নিরাপত্তা, ইত্যাদি অনেক বিষয়ে শিখানো হয়।

রেসিডেন্ট এসোসিয়শনগুলোর (বাসিন্দাদের সংগঠনগুলোর) মেম্বারদের জন্যও আমরা কোর্স পরিচালনা করি। এসব কোর্সে মিটিং বা বৈঠকে সভাপতিত্ব করা এবং কমিউনিটিতে বিভিন্ন ধরনের অনুষ্ঠান আয়োজন করা সম্পর্কে শিখানো হয়।

আমাদের ট্রেইনিংগুলো স্বীকৃত। এর মানে হলো আপনি জাতীয় ভাবে স্বীকৃত একটি শিক্ষাগত যোগ্যতা অর্জন করবেন।

টি.এইচ.এইচ, ইস্টেন্ডহোম্স, গেইটওয়ে, মেট্রোপলিটান, নিউলন, ওয়ান হাউজিং, পপলার হারকা, প্রোভিন্স রো, স্পিটালফিল্ডস, সোয়ান এবং টি.এইচ.সি.এইচ এর বাসিন্দাদের জন্য প্রতিটি কোর্স বিনামূল্যে প্রদান করা হয়।

"এই ট্রেইনিং-এ আমি যা শিখেছি তা আমার ব্যক্তিগত ও পেশা জীবনে প্রয়োগ করার ক্ষেত্রে আমি প্রেরণা, আস্থা ও উৎসাহ বোধ করি।"
মিস এল, রেসিডেন্ট

COURSE	DATE	TIME
Effective Writing Skills	Saturday 18 November 2017	10am-4pm
How to manage Condensation, Dampness and Decay	Saturday 25 November 2017	10am-4pm
CV Writing & Job Search Skills	Wednesday 29 November 2017	10am-4pm
Personal Leadership and Effectiveness - Day 1 of 2	Saturday 2 December 2017	10am-4pm
Email & Shopping Online Safely	Wednesday 6 December 2017	10am-4pm
Personal Leadership and Effectiveness - Day 2 of 2	Saturday 9 December 2017	10am-4pm
Afternoon Tea Bake Off	Saturday 16 December 2017	10am-4pm
DIY Repairs in Your Home	Wednesday 10 January 2018	10am-4pm
Level 2 Food Safety & Hygiene (Accredited)	Saturday 13 January 2018	10am-4pm
Project Management - Day 1 of 2	Saturday 27 January 2018	10am-4pm
Project Management - Day 2 of 2	Saturday 3 February 2018	10am-4pm
Public Speaking & Presentation Skills	Saturday 24 February 2018	10am-4pm
Paediatric First Aid Training - Day 1 (Accredited)	Saturday 3 March 2018	10am-5pm
Paediatric First Aid Training - Day 2 (Accredited)	Saturday 10 March 2018	10am-5pm
Microsoft Excel	Wednesday 14 March 2018	10am-4pm
Introduction to Book Keeping	Saturday 17 March 2018	10am-4pm
Organising and Running an Event	Saturday 24 March 2018	10am-4pm
Secretarial and Treasurer Skills	Saturday 14 April 2018	10am-4pm
Fire Marshal Training	Wednesday 18 April 2018	10am-1pm
Scrutiny - Day 1 of 2 *For Scrutiny Resident Panel Members Only	Saturday 21 April 2018	10am-4pm
Food Growing and Managing a Food Garden	Wednesday 25 April 2018	10am-4pm
Scrutiny - Day 2 of 2 *For Scrutiny Resident Panel Members Only	Saturday 28 April 2018	10am-4pm
Emergency First Aid Training (Accredited)	Wednesday 2 May 2018	10am-5pm
Becoming a Leaseholder	Wednesday 9 May 2018	10am-4pm
Chairing Meetings	Saturday 12 May 2018	10am-4pm

COURSE CATEGORIES:
- Personal Development
- Living in Your Home
- Health & Safety
- Improving Your Community

Lunch and refreshments will be provided. To support you in attending a training course we can arrange transport for residents with mobility issues. Please contact us in advance to confirm.

টাওয়ার হ্যামলেটস এর ভিতরে বিভিন্ন স্থানে কোর্সগুলো অনুষ্ঠিত হবে।

প্রতিটি স্থানেই হুইলচেয়ারের প্রবেশ সুবিধা রয়েছে।

এখনই দরখাস্ত করুন

ভর্তির জন্য দরখাস্ত করতে ভিজিট করুন: www.surveymonkey.co.uk/r/F9MZB8C স্কান করুন। বিস্তারিত জানার জন্য যোগাযোগ করুন:

মুরসেলিন ইসলাম: 020 7392 5407 murselin@spitalfieldsha.co.uk
ব্রায়ান আকিনটকুন: 0207377 1306 brian@spitalfieldsha.co.uk